এইচএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন: দ্বিতীয় পত্র বিষয় কোড: ২৮৭

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান—৭০

*দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।।*

১. ▶ পি এফ এল প্রতিষ্ঠানটি প্রায় ১০০ ধরনের পণ্য সারা বাংলাদেশে সরবরাহ করে। পহেলা ফাল্গুন উপলক্ষ্যে প্রতিষ্ঠানটি বিভিন্ন গণমাধ্যমের সাহায্যে সবাইকে ফাল্গুনের শুভেচ্ছা জানিয়েছে। এছাড়াও ফাল্গুনের ১০ তারিখ পর্যন্ত কুপন পূরণের মাধ্যমে প্রতিযোগিতার আয়োজন করেছে।

ক. বিক্রয়োত্তর সেবা কি? ১

খ. ব্যবসায় বিজ্ঞাপন গুরুত্বপূর্ণ কেন? ২

গ. শুভেচ্ছা জানানোর জন্য পি এফ এল প্রতিষ্ঠানের সম্পর্কে ভোক্তাদের মনে কোন ধরনের মনোভাব সৃষ্টি হবে তা ব্যাখ্যা কর? ৩

ঘ. বিক্রয় প্রসারের জন্য পি এফ এল প্রতিষ্ঠানের প্রতিযোগিতার আয়োজনটি তুমি কি সমর্থন কর? তোমার মতামত দাও। ৪

২. ▶ সামির ওয়ালটন প্রতিষ্ঠানে নতুন নিয়োগ পাওয়া একজন বিক্রয়কর্মী। সে কয়েক দিন প্রশিক্ষণ গ্রহণ করে প্রতিষ্ঠানটির পণ্য ওয়ালটন ফ্রিজ মাঠ পর্যায়ে বিক্রয় কাজে যোগ দেয়। সুন্দর বাচন ভঙ্গি ও উপস্থাপনার ফলে সামির কয়েক মাসের মধ্যেই প্রতিযোগীদের তুলনায় অধিক বিক্রয় এবং গ্রাহক সৃষ্টি করে। ফলে কর্মকর্তারা সবাই সামিরের প্রতি সন্তুষ্ট।

ক. বিক্রয় প্রতিনিধি কাকে বলে? ১

খ. ব্যক্তিক বিক্রয় কিভাবে স্থায়ী ক্রেতা সৃষ্টি করে তা ব্যাখ্যা করো। ২

গ. সামিরের ওয়ালটন ফ্রিজ বিপণনের কৌশলকে কি বলা হয় তা ব্যাখ্যা করো। ৩

ঘ. ওয়ালটন ফ্রিজের চাহিদা সৃষ্টিতে সামিরের তাৎপর্য মূল্যায়ন করো। ৪

৩. ▶ চাতাল হাউজ বাংলাদেশের পাইকারি ও খুচরা বাজারে চাল সরবরাহের ব্যবসায়ে জড়িত। প্রতিষ্ঠানটি পলিথিন ব্যাগ ব্যবহার না করে পাটের ব্যাগ ব্যবহার করে চাল সরবরাহ করে থাকে। চাতাল হাউজের এ বিপণন পদ্ধতিটি

Teachingbd.com

http://teachingbd.com

পরিবেশের জন্য উপকারী হওয়াতে অন্যান্য ব্যবসায়ীরাও পাটের ব্যাগ ব্যবহারে উৎসাহিত হলেন।

ক. গ্রিন মার্কেটিং কি? ১

খ. গ্রিন মার্কেটিং কেন প্রয়োজন? ২

গ. চাতাল হাউজ কোন ধরনের বিপণন পদ্ধতি ব্যবহার করেছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. চাতাল হাউজের দেখাদেখি পাটের ব্যাগ ব্যবহারে ব্যবসায়ীদের যে উৎসাহ দেখা যাচ্ছে তা তুমি কিভাবে মূল্যায়ন করবে? ৪

৪. ▶ মিঃ লিয়াকত একজন চাষী। তিনি ১০ কাঠা জমিতে উন্নত জাতের পটল চাষ করেছেন। গ্রাম্য হাটে তিনি প্রতি হাটবারে অল্প পরিমাণ পটল নিয়ে যান। গ্রাম্য হাটে আসা ক্রেতারা তার কাছ থেকে খুচরা মূল্যে পটল ক্রয় করে আর্থিকভাবে লাভবান হতে পারেন।

ক. মধ্যস্থ ব্যবসায়ী কে? ১

খ. বন্টন প্রণালী উৎপাদক ও ভোক্তার মধ্যে সংযোগ স্থাপন করে-তা ব্যাখ্যা করো। ২

গ. উদ্দিপকে মিঃ লিয়াকত কোন ধরনের বন্টন প্রণালী ব্যবহার করেন তা বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে মিঃ লিয়াকতের নিকট থেকে পটল ক্রয় করে ক্রেতারা কিভাবে লাভবান হবে তা বিশ্লেষণ করো। ৪

৫. ▶ মিঃ সাকিব নিউ মার্কেটের একজন চাল ব্যবসায়ী। সে চূড়ান্ত ভোক্তার কাছে অল্প চাল বিক্রয় করে। সে ভোক্তাদের চাহিদা এবং রুচি অনুযায়ী উৎপাদকের কাছ থেকে নানান ধরনের এবং মানের চাল সংগ্রহ করে। ব্যবসায় সততা এবং গুণগত মান ভাল হওয়ায় সাকিব এর ব্যবসায়ে লাভও হচ্ছে অনেক। ভোক্তাদের সাথেও তার সুসম্পর্ক বিদ্যমান।

ক. ঝুঁকি বাহক কে? ১

খ. পণ্য বন্টন প্রণালি কিভাবে অর্থসংস্থানে ভূমিকা রাখে? ২

গ. উদ্দউপকের ধরণ অনুযায়ী সাকিব কোন ধরনের মধ্যস্থ ব্যবসায়ী? বর্ণনা দাও। ৩

ঘ. উদ্দীপকের আলোকে উৎপাদনকারীর জন্য সাকিবের ব্যবসায়টির গুরুত্ব মূল্যায়ন করো। ৪

teachingbd.com

৬.▶মিঃ তবির খান নকিয়া ব্রান্ডের একটি আইফোন কিনেছে। সেবার মান ভাল হওয়ায় সে তার বন্ধু রাকিবকেও তা ক্রয়ে উৎসাহিত করে। এখন রাকিবও আইফোন ক্রয়ে আগ্রহী।

ক. বিনিময় কি? ১

খ. "ভোক্তাই রাজা" -- কথাটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে নকিয়া আইফোন ক্রয়ের সংশ্লিষ্ট পক্ষসমূহের সমষ্টিকে বিপণনের ভাষায় কি বলে আখ্যায়িত করা হয় তা বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে আইফোন বিপণন কার্যক্রমের উক্ত পক্ষ সমূহের ভূমি কী মূল্যায়ন কর? ৪

৭.▶মিঃ মাহবুব একটি রেষ্টুরেন্টের মালিক। তার রেস্টুরেন্টটি ঢাকার মতিঝিলে অবস্থিত। প্রতিদিন আশেপাশের অফিসের বহু সংখ্যক লোক তার রেস্টুরেন্টে খেতে আসে। দিন দিন তার রেস্টুরেন্টে ক্রেতার সংখ্যা বৃদ্ধি পাওয়ার কারণে মাহবুব তার রেস্টুরেন্টের সকল খাবারের মূল্য স্বল্প পরিমাণে বৃদ্ধি করেন।

ক. মূল্য কি? ১

খ. মূল্য নির্ধারণ কেন গুরুত্বপূর্ণ? ২

গ. উদ্দিপকে মাহবুব কোন ধরনের পণ্য নিয়ে ব্যবসায় পরিচালনা করেন তা-ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে মাহবুব ব্যবসায় পণ্যের মূল্য নির্ধারণে যে দিকটি ফুটে উঠেছে তা বিশ্লেষণ করো। ৪

৮.▶মিঃ কবির ঢাকার-গাজীপুর মহাসড়কের পাশে একটি চাউল বিক্রির দোকান প্রতিষ্ঠা করেন। তার দোকানে সকল প্রকার চাউল ন্যায্যমূল্যে পাওয়া গেলেও ক্রেতার সমাগম তেমন ঘটে না। এমতাবস্থায় তিনি গার্মেন্টস শ্রমিক অধ্যুষিত জনবহুল এলাকা হিসেবে পরিচিত চান্দুরা মোড়ে ব্যবসায়টি স্থানান্তর করেন।

ক. ভোগ্য পণ্য কি? ১

খ. পণ্যের জীবন চক্রের পরিসমাপ্তি ঘটে তা ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে মি কবির কোন ধরনের পণ্যের ব্যবসায় জড়িত তা বর্ণনা করো। ৩

ঘ. উদ্দিপকে মিঃ কবিরের ব্যবসায় স্থানান্তর সিদ্ধান্তটিকে তুমি কিভাবে মূল্যায়ন করবে? তোমার মতামত দাও? ৪

Teachingbd.com

৯. ▶ বসুন্ধরা গ্রুপ গাজীপুরে একটি কাগজ তৈরির মিল স্থাপন করল। প্রতিষ্ঠানটি চট্টগ্রামের বাঁশ চাষিদের নিকট থেকে বিভিন্ন প্রকার বাঁশ ক্রয় করে বাঁশগুলো মিলে প্রক্রিয়াকরণের পর কাগজ তৈরি হয়। এ কাগজ গ্রাহকের নিকট পৌছানোর জন্য প্রতিষ্ঠানটি প্রত্যেকটি উপজেলা বা থানাতে একজন এজেন্ট নিয়োগ করলেন।

ক. বিপণন মিশ্রণ কি? ১

খ. বিপণন মিশ্রণ কেন প্রয়োজন? ২

গ. উদ্দীপকে বসুন্ধরা গ্রুপ কোন বাজারের সাথে জড়িত তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে এজেন্ট নিয়োগের মাধ্যমে বসুন্ধরা গ্রুপ বাজার মিশ্রণের কোন উপাদান প্রয়োগ করেছে তা বিশ্লেষণ করো। ৪

১০. ▶ মিঃ মতি কাওরান বাজারের একজন ইলিশ বিক্রেতা। সে প্রতিদিনই দেশের বিভিন্ন স্থান হতে ইলিশ সংগ্রহ করে তা পাইকারি ও খুচরা বিক্রেতাদের নিকট বিক্রয় করে। এক্ষেত্রে মিঃ মতি পদ্মার ইলিশ, মেঘনার ইলিশ এবং চাঁদপুরের ইলিশ প্রভৃতি ভাগে ভাগ করে ইলিশ বিক্রয় করে। আলাদা ভাগে ভাগ করায় সব ক্রেতারাই পছন্দীয় ইলিশ ক্রয় করতে পারে।

ক. ক্রয় কি? ১

খ. ক্রয় ও বিক্রয়ের মধ্যে সম্পর্ক দেখাও। ২

গ. উদ্দিপকে পরিবহন কিভাবে স্থানগত উপযোগ সৃষ্টি করে- তা ব্যাখ্যা করো? ৩

ঘ. উদ্দিপকের আলোকে সংগৃহীত ইলিশকে বিভিন্ন ভাগে ভাগ করার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

১১. ▶ শাহীন, মীম এবং ফরহাদ তিনজন মিলে সম্মিলিত ভাবে আইনগত ও বৈধ উপায়ে একটি সংস্থা প্রতিষ্ঠা করে। তারা তাদের সংস্থায় দেশের বেকার যুবক যুবতীদের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দিয়ে থাকে যাতে করে তারা নিজেদের প্রচেষ্টায় কিছু করতে পারে। তাদের সংস্থা হতে প্রশিক্ষণ নিয়ে অনেক বেকার যুবক-যুবতী নিজেদের ব্যবসায় প্রতিষ্ঠান স্থাপন করছে।

ক. বিপণন পরিবেশ কি? ১

খ. ব্যষ্টিক পরিবেশ প্রতিষ্ঠানের কার্যের ওপর প্রত্যক্ষভাবে প্রভাব বিস্তার করে তা ব্যাখ্যা করো। ২

গ. উদ্দিপকে শাহীন, মীম এবং ফরহাদের সংস্থাটি কোন পরিবেশের উপাদান বর্ণনা করো। ৩

ঘ. উদ্দিপকের আলোকে উক্ত সংস্থাটি দেশের অর্থনীতিতে কিরূপ ভূমিকা পালন করছে তা মূল্যায়ন করো। ৪

Teachingbd.com

http://teachingbd.com

# উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন: দ্বিতীয় পত্র   বিষয় কোড: ২৮৭

সময়- ৩০ মিনিট

## বহুনির্বাচনি প্রশ্ন

পূর্ণমান: ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে]

১. বাজার বিভক্তিকরণের সুবিধা হলো-
i. বিক্রয় বৃদ্ধি পায়
ii. বিজ্ঞাপন বৃদ্ধি পায়
iii. সঠিক পণ্য উন্নয়ন করা যায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

২. প্রসারের অন্তর্ভুক্ত বিষয় হলো-
i. বিজ্ঞাপন    ii. বণ্টন
iii. গণসংযোগ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৩নং প্রশ্নের উত্তর দাও।
মি. চৌধুরী 'শুভ্র' নামের একটি নতুন সাবান উৎপাদন খরচের সাথে প্রত্যাশিত মুনাফা বিবেচনা করে মূল্য নির্ধারণপূর্বক বাজারজাতকরণ করেন। অল্প সময়ের মধ্যে সাবানটি বাজার দখল করতে সক্ষম হয়। কিছুদিন পর প্রতিযোগী প্রতিষ্ঠানগুলো 'শুভ্র' সাবানের চেয়ে কম মূল্যে সাবান বিক্রি করায় শুভ্র সাবানের বিক্রয় ও মুনাফা হ্রাস পেতে থাকে।

৩. বর্তমানে মুনাফা ও বিক্রয় কমে যাওয়ায় মূল্য নির্ধারণের ক্ষেত্রে শুভ্র সাবানের কোন পদ্ধতি অনুসরণ করা যুক্তিযুক্ত?
ক ব্যয়ভিত্তিক মূল্য নির্ধারণ
খ ভারসাম্য বিন্দু মূল্য নির্ধারণ
গ চলমান হারে মূল্য নির্ধারণ
ঘ ভ্যালু ভিত্তিক মূল্য নির্ধারণ

৪. স্বল্পকালীন উদ্দীপনামূলক কার্যক্রম কোনটি?
ক বিজ্ঞাপন    খ বিক্রয় প্রসার
গ ব্যক্তিক বিক্রয়    ঘ প্রত্যক্ষ বিপণন

৫. 'ব্যক্তিক বিক্রয়' বিপণন মিশ্রণের কোন উপাদানের অন্তর্ভুক্ত?
ক পণ্য    খ সেবা
গ প্রসার    ঘ মাধ্যম

৬. পরিকল্পিত বিপণিকেন্দ্রের সুবিধা হলো-
i. নিরাপদ পরিবেশ    ii. পার্কিং ব্যবস্থা
iii. পৃথক বিভাগ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

৭. চেইন স্টোরের মালিকানা কী রকমের হয়?
ক কেন্দ্রীভূত    খ বিকেন্দ্রিভূত
গ স্বায়ত্তশাসিত    ঘ সরকারি

৮. কোন ধরনের মার্কেটিংকে টেকসই মার্কেটিং বলা হয়?
ক ক্যাটালগ    খ কিরস্ক
গ অনলাইন    ঘ গ্রিন

৯. পণ্য জীবন চক্রের কোন স্তরে বিক্রয় দ্রুতগতিতে বাড়ে?
ক উন্নয়ন    খ প্রবৃদ্ধি
গ পূর্ণতা    ঘ সূচনা

১০. প্রয়োজন কী?
ক বঞ্চিত হওয়ার অনুভূতি
খ অভাবের অনুভূতি
গ চাহিদার অনুভূতি
ঘ সন্তুষ্টির অনুভূতি

১১. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে বিপণন ভূমিকা রাখে-
i. কৃষি উন্নয়নে
ii. সম্পদের সদ্ব্যবহারে
iii. সরকারি ব্যয় হ্রাসে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

১২. গবেষণা ও উন্নয়ন কোন সামষ্টিক পরিবেশের উপাদান?
ক প্রযুক্তি    খ জনসংখ্যা
গ সাংস্কৃতিক    ঘ রাজনৈতিক

উদ্দীপকটি পড়ো এবং ১৩নং প্রশ্নের উত্তর দাও।
হাসান চৌধুরী একজন তৈরি পোশাক রপ্তানিকারক। তিনি একটি নামকরা ব্র্যান্ডের গাড়ি ১২ লক্ষ টাকা দিয়ে ক্রয় করে মেয়ে মিস মনিকে উপহার দেন। তার মেয়ে বিশ্ববিদ্যালয়ে যাতায়াতে গাড়িটি ব্যবহার করেন। অপরদিকে মাসিক ১৫০০০ টাকা বেতনে চাকরি করা মি. রহমান তার কলেজ পড়ুয়া মেয়ের জন্য একটি গাড়ির গুরুত্ব অনুভব করেন।

১৩. উদ্দীপকে মিস মনি উল্লিখিত গাড়ির একজন-
ক ক্রেতা    খ ভোক্তা
গ বিপণনকারী    ঘ বিক্রেতা

১৪. ভোক্তার আয় ও ক্রয় ক্ষমতা কোন ধরনের বিপণন পরিবেশের উপাদান?
ক প্রযুক্তিগত    খ রাজনৈতিক
গ অর্থনৈতিক    ঘ জনসংখ্যাগত

উদ্দীপকটি পড়ো এবং ১৫ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব কবির দিনাজপুর থেকে ট্রাক ভর্তি লিচু ক্রয় করে নিজের গুদামে সংরক্ষণ করেন। পরবর্তীতে বড়, ছোট ও মাঝারি তিন ভাগে বিভক্ত করে ঢাকায় বিক্রয় করেন। এতে তিনি প্রচুর মুনাফা অর্জন করেন।

১৫. জনাব কবির কোন উপযোগ সৃষ্টি করছেন?
ক রূপগত    খ সময়গত
গ জ্ঞানগত    ঘ ঝুঁকিগত

১৬. ভোক্তা বাজারের বৈশিষ্ট্য হলো-
i. ক্ষুদ্র ক্ষুদ্র আকারে পণ্য বিক্রি
ii. ক্রেতাদের জ্ঞান কম
iii. দেশ-বিদেশে বাজার বিস্তৃত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

Teachingbd.com

১৭. পণ্য জীবন চক্রের স্তর কয়টি?
ক) ৩টি খ) ৪টি
গ) ৫টি ঘ) ৬টি

**উদ্দীপকটি পড়ো এবং ১৮নং প্রশ্নের উত্তর দাও।**

জনাব হোসেন রাঙামাটির চাষিদের কাছ থেকে আনারস কিনে ট্রাক ভর্তি করে চট্টগ্রামে নিয়ে আসেন। ট্রাকভর্তি আনারস পরবর্তীতে ছোট ছোট লটে বিভক্ত করে চট্টগ্রামের বিভিন্ন ব্যবসায়ির নিকট বিক্রয় করেন। সেখান থেকে বিভিন্ন স্তরের ক্রেতারা খাওয়ার জন্য সে আনারস ক্রয় করেন।

১৮. উদ্দীপকের বন্টন প্রণালির সঠিক চিত্ররূপ কোনটি?
ক) উৎপাদনকারী → ভোক্তা
খ) উৎপাদনকারী → খুচরা ব্যবসায়ী → ভোক্তা
গ) উৎপাদনকারী → পাইকার → ভোক্তা
ঘ) উৎপাদনকারী → পাইকার → খুচরা বিক্রেতা → ভোক্তা

১৯. প্রতিনিধি মধ্যস্থ ব্যবসায়ী কে?
ক) পাইকার খ) খুচরা ব্যবসায়ী
গ) কমিশন এজেন্ট ঘ) বিমা

২০. বিপণন প্রসারের কোন কৌশলের মাধ্যমে সম্ভাব্য ক্রেতাদের সাথে সরাসরি সম্পর্ক সৃষ্টি ও বজায় রাখা যায়?
ক) প্রচার খ) বিজ্ঞাপন
গ) জনসংযোগ ঘ) ব্যক্তিক বিক্রয়

**উদ্দীপকটি পড়ো এবং ২১নং প্রশ্নের উত্তর দাও।**

মিসেস রূপা সপরিবারে কেনাকাটার জন্য তিতাস শপিং কমপ্লেক্সে যান। শপিং কমপ্লেক্সটি অত্যাধুনিক সুযোগ সুবিধা সম্পন্ন হওয়ায় এবং একই ধরনের পণ্যের দোকান পাশাপাশি অবস্থান করায় তারা খুব সহজেই পছন্দের পণ্য কেনাকাটা করতে পারেন। সেখানে বাচ্চাদের খেলার জায়গা, খাবার দোকান ও সিনেপ্লেক্স আছে।

২১. তিতাস শপিং কমপ্লেক্সটি কোন ধরনের বিক্রয় কেন্দ্র?
ক) চেইন স্টোর খ) সুপার মার্কেট
গ) বিভাগীয় বিপণি ঘ) পরিকল্পিত বিপণি

২২. অনলাইন বিপণনে বিক্রেতার প্রধান সুবিধা কোনটি?
ক) দ্রুত ও সহজে বিক্রয়
খ) সীমিত ক্রেতা
গ) ক্রেডিট কার্ডের সীমিত ব্যবহার
ঘ) মধ্যস্থকারবারির অনুপস্থিতি

২৩. পূর্ণ সেবাদানকারী পাইকার কে?
ক) হোলসেল মার্চেন্ট খ) নগদ পাইকার
গ) ড্রপ শিপারস ঘ) র‍্যাক জবারস

২৪. ভ্যালু কী?
ক) প্রাপ্ত উপযোগ
খ) প্রদত্ত ব্যয় ও প্রাপ্ত সুবিধার পার্থক্য
গ) প্রাপ্ত সন্তুষ্টি
ঘ) প্রাপ্ত সুবিধা ও প্রদত্ত ব্যয়ের পার্থক্য

**উদ্দীপকটি পড়ো এবং ২৫নং প্রশ্নের উত্তর দাও।**

সিয়াম বাংলাদেশের নাগরিক। তার যথেষ্ট আর্থিক সামর্থ্য রয়েছে। দুপুর হলেই তার ক্ষুধা লাগে এবং ভাত খাওয়ার কথা চিন্তা করে। বর্তমানে তিনি আমেরিকাতে আছেন। ফলে দুপুর হলেই তিনি ফাস্টফুড খাওয়ার কথা ভাবেন।

২৫. দুপুর হলে ক্ষুধা লাগার বিষয়কে বিপণনের দৃষ্টিকোণ হতে কী বলা হয়?
ক) প্রয়োজন খ) চাহিদা
গ) দরকার ঘ) অভাব

২৬. বিপণনের দৃষ্টিতে বাজার কী?
ক) ক্রেতা-বিক্রেতার মিলনস্থল
খ) বর্তমান ও সম্ভাব্য ক্রেতার সমষ্টি
গ) উৎপাদনকারী ও বিক্রেতার সমাবেশ
ঘ) পাইকার ও খুচরা ব্যবসায়ীর সমাবেশ

**উদ্দীপকটি পড়ো এবং ২৭নং প্রশ্নের উত্তর দাও।**

সম্প্রতি সরকার পরিবেশ সংরক্ষণের জন্য চাল মোড়ককিকরণে পলিথিন ব্যাগের পরিবর্তে চটের বস্তা ব্যবহার বাধ্যতামূলক করায় লতিফ ট্রেডার্স বাজারে চাল সরবরাহে অসুবিধার সম্মুখীন হচ্ছে।

২৭. উদ্দীপকে উল্লিখিত লতিফ ট্রেডার্স বিপণন পরিবেশের কোন উপাদান দ্বারা প্রভাবিত?
ক) প্রাকৃতিক খ) রাজনৈতিক
গ) প্রযুক্তিগত ঘ) অর্থনৈতিক

২৮. 'গাছ লাগান পরিবেশ বাঁচান' বৈশিষ্ট্য অনুযায়ী এটা কোন ধরনের পণ্য?
ক) বস্তুগত খ) সেবাগত
গ) ধারণাগত ঘ) স্থানগত

**উদ্দীপকটি পড়ো এবং ২৯ নং প্রশ্নের উত্তর দাও।**

আবিদ ও রাবিদ তাদের সাবেক কলেজের সামনে একটি ফাস্টফুডের দোকান দেয়ার সিদ্ধান্ত নিল। এ লক্ষ্যে প্রচুর মূলধনের প্রয়োজন হওয়ায় ব্যাংক থেকে ঋণ নিয়ে তারা উন্নত মানের খাবার আইটেম রেখে ব্যবসায় শুরু করে। স্বল্প সময়ের মধ্যেই বেশ সুনাম অর্জন করতে সক্ষম হয়।

২৯. উদ্দীপকের আবিদদের সাফল্যের পিছনে প্রভাব বিস্তার করেছে-
i. জনসংখ্যাগত পরিবেশ
ii. সাংস্কৃতিক পরিবেশ
iii. প্রযুক্তিগত পরিবেশ

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩০. বিপণনের কোন কাজ উত্তমভাবে সম্পাদিত হলে তাকে বিক্রয়ের অর্ধেক বলে?
ক) ক্রয় খ) পরিবহন
গ) গুদামজাতকরণ ঘ) বিজ্ঞাপন

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | খ | ৩ | গ | ৪ | খ | ৫ | গ | ৬ | ক | ৭ | ক | ৮ | ঘ | ৯ | খ | ১০ | ক | ১১ | ক | ১২ | ক | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | খ |
| | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | ক |

Teachingbd.com

http://teachingbd.com